দৈনিক ইত্তেফাক

তারিখ ২ 8 DEC 2015
পৃষ্ঠা ১৫ কলাম ১

# বকশীগঞ্জের ৩৪ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদ শূন্য

■ বকশীগঞ্জ (জামালপুর) সংবাদদাতা

বকশীগঞ্জের ৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য। দীর্ঘদিন ধরে ভারপ্রাপ্ত শিক্ষক দিয়ে চলছে ওইসব বিদ্যালয়ের কার্যক্রম। ফলে মানসম্মত শিক্ষা ব্যাহত হচ্ছে।

জানা গেছে, উপজেলার ১০৮টি সরকারি প্রাথমিক স্কুলের মধ্যে ৩৪টি স্কুলে প্রধান শিক্ষকসহ ৮৫ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে কোনো কোনো স্কুলে এক যুগেও প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া সম্ভব হয়নি। বিগত পাঁচ বছর ধরে উপজেলার বিভিন্ন সরকারি স্কুলে সহকারী শিক্ষকদের পদোন্নতি না দেয়া ও প্রধান শিক্ষক চাকরি থেকে অবসরে যাওয়ার কারণে বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকের পদ শূন্য হয়েছে।

গত পাঁচ বছরে সারমারা সরকারি প্রাইমারি স্কুল, সোবাসপুর সরকারি প্রাইমারি স্কুল, জানকিপুর সরকারি প্রাইমারি স্কুল, মেরুরচর সরকারি প্রাইমারি স্কুলসহ ৩৪টি সরকারি স্কুলের প্রধান শিক্ষক পদ শূন্য রয়েছে। ফলে মানসম্মত শিক্ষা ব্যাহত হচ্ছে।

আলীরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভরিপ্রাপ্ত প্রধান শিক্ষক বদরুদোজা জানান, তার স্কুলে শিক্ষার্থী রয়েছে সাড়ে ৪০০। ৩ জন শিক্ষক দিয়ে চলছে পাঠদান। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অফিসিয়াল কাজে বাইরে গেলে বাড়তি চাপে পড়তে হয়। ফলে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হয়।

শিক্ষার্থী অভিভাবক দুদু মিয়া জানান, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগ দিয়ে মানসম্মত শিক্ষা সচল রাখা দরকার।

উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা স্বর্ণজিৎ দেব জানান, প্রধান শিক্ষক পদে পদোন্নতি ও সহকারী শিক্ষক পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হলেই এ সমস্যার সমাধান হবে।